

## দেশসেরা রাজশাহী বোর্ড

### রাজশাহী যুরো

এইচএসসি পরীক্ষায় রাজশাহী শিক্ষা বোর্ডে এবার পাসের হার ৭৭ দশমিক ৫৪ ভাগ। গতবারের চেয়ে এবার কিছুটা কমছে পাসের হার। সেই সঙ্গে গতবারের চেয়ে এবার কমেছে জিপিএ-৫। এবার জিপিএ-৫ পেয়েছে ৫ হাজার ২৫০ জন। যা গতবার ছিল ৭ হাজার ৬৪১ জন।

রোববার দুপুর ১টায় আনুষ্ঠানিকভাবে শিক্ষা বোর্ডের কনফারেন্স রুমে সংবাদ সম্মেলন করে পূর্ণাঙ্গ ফলাফল ঘোষণা করা হয়।

এদিকে, এবার পাসের হার ও জিপিএ-৫ কমে গেছে। রাজনৈতিক অস্থিরতাকে দায়ী করেছেন পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর শামসুল কালাম আজাদ। তবে তিনি জানান, শিক্ষক ও পরীক্ষকদের প্রশিক্ষণ পুনরায় পাশাপাশি এবার সঠিক পদ্ধতিতে খাতা মূল্যায়ন করার দেশসেরা হয়েছে এ বোর্ড।

ফলাফল পর্যালোচনা করে দেশসেরা রাজশাহী শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ছিল এক লাখ ৪ হাজার ৮৮২ জন। এর মধ্যে পাস করেছে ৮১ হাজার ৩৩০ জন। ছাত্র পাসের হার ৭৪ দশমিক ৮৯ ও ছাত্রী পাসের হার ৮০ দশমিক ৬৭ শতাংশ। জিপিএ ৫ প্রাপ্ত ছাত্র ২ হাজার ৮৬৫ জন। আর ২ হাজার ৩৮৫ জন ছাত্রী জিপিএ-৫ পেয়েছে।

এ বছর রাজশাহী শিক্ষা বোর্ডে বিজ্ঞান বিভাগ থেকে অংশ নিয়েছিল ২৪ হাজার ৪০৯ জন। এর মধ্যে ১৪ হাজার ৬৮৫ জন ছাত্র এবং ৯ হাজার ২২৪ জন ছাত্রী। বিজ্ঞান বিভাগে ৭০ দশমিক ৭৪ পাসের হারে মোট পাস করেছে ১৭ হাজার ২৬৮

জন শিক্ষার্থী। জিপিএ-৫ পেয়েছে ৩ হাজার ৯২৬। গত বছর এ বিভাগে পাসের হার ছিল ৭২ দশমিক ৫৯ শতাংশ।

মানবিক বিভাগে মোট অংশগ্রহণকারী পরীক্ষার্থী ছিল ৫৭ হাজার ৮৯২ জন। এর মধ্যে ২৬ হাজার ৭৩০ জন ছাত্র ও ৩১ হাজার ১৬২ জন ছাত্রী। জিপিএ-৫ পেয়েছে ৮৩৮ জন পরীক্ষার্থী। পাসের হার ৭৭ দশমিক ২৫ শতাংশ। গত বছর এ বিভাগে জিপিএ-৫ পেয়েছিল ২ হাজার ২২৭ জন পরীক্ষার্থী। পাসের হার ছিল ৭৮ দশমিক ১২ শতাংশ।

বাণিজ্য থেকে ২২ হাজার ৫৮১ জন পরীক্ষার্থীর মধ্যে ছাত্র রয়েছে ১৫ হাজার ৩৫১ জন এবং ছাত্রী রয়েছে ৭ হাজার ২৩০ জন। ৪৮৬ জন শিক্ষার্থী জিপিএ-৫ সহ মোট পাস করেছে ১৯ হাজার ৩৩৯ জন। এ বিভাগে রেকর্ড পাসের হার ৮৫ দশমিক ৬৪ ভাগ। গত বছর এ বিভাগে ১ হাজার ৫৫৬ জন শিক্ষার্থী জিপিএ-৫ সহ মোট পাস করেছিল ২১ হাজার

১৪১ জন। পাসের হার ছিল ৩৭ দশমিক ৩৩ শতাংশ। রাজশাহী কলেজের বিজ্ঞান বিভাগের ৩০২ জন শিক্ষার্থীর সবাই জিপিএ-৫ পেয়েছে। একই কলেজের মানবিক বিভাগের ১৪৪ জনের মধ্যে পাস করেছে সবাই। জিপিএ-৫ পেয়েছে ১০২ জন। বাণিজ্য বিভাগের ১৪৩ শিক্ষার্থীর মধ্যে সবাই পাস করেছে জিপিএ-৫ পেয়েছে ৮১ জন পরীক্ষার্থী। গতবার রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এক লাখ ১৩ হাজার ৩৬৯ জন পরীক্ষার্থী অংশ নিয়ে পাস করে ৮৭ হাজার ৭২০ জন। এবার দেখানো এক লাখ ৪ হাজার ৮৮২ জনের মধ্যে পাস করেছে ৮১ হাজার ৩৩০ জন।